The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 914 | 20 March 2026 | শুক্রবার ০৬ চৈত্র অগ্রহায়ণ ১৪৩২



ঈদ বিশেষ আয়োজন
→ ২০ পাতায়

The Postal Service may be out of cash in 2027
→ Page 23





Heme, Irfan Sajjad pair up in Hanif Sanket's Eid special drama
→ Page 23

School zone speed limits to dip to 15 mph
→ Page 22



## সম্পাদকের ঈদ শুভেচ্ছা

দীর্ঘ এক মাস পবিত্র সিয়াম সাধনার পর ঈদুল ফিতরের আনন্দ এখন ঘরে ঘরে। ঈদের দিন পরিবারের সঙ্গে কাটাবার জন্য অনেকেই ছুটে গেছেন দূরদূরান্তে। প্রবাসি ভাই-বোন, তরুণ, কিশোর, যুবকরা ধর্মীয় ভাবগাম্ভির্যের মধ্যে পুরো রমজান মাসে রোজা রেখে তারাবির নামাজ আদায় করেছেন। যাকাত, ফেতরা দিয়ে অসহায়ের পাশে দাঁড়িয়েছেন। ঈদের আনন্দ ছড়িয়ে যাক প্রতিটি মুসলিম পরিবারে। 'সাপ্তাহিক আজকাল'-এর অগণিত পাঠক, শুভানুধ্যায়ি, বিজ্ঞাপনদাতাকে জানাই ঈদের শুভেচ্ছা। ঈদ মোবারক।
**-শাহ নেওয়াজ, সম্পাদক।**

# গণভোট নিয়ে অঘটনের শঙ্কা

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*

### রেওয়াজ-রীতির বাইরে স্লোগান, সেলফি তোলার ধুম



সংসদীয় রাজনীতিতে 'ঈদ বিরতি' চলছে। সংসদ সদস্যরা নিজ নিজ এলাকায় তাদের কর্মীদের নিয়ে ঈদ উদযাপনে ব্যস্ত। ঈদের বিরতির পর সংসদের অধিবেশন শুরু হলে এবার সংসদ সদস্যরা কী কান্ড করেন তা নিয়ে নানা গুঞ্জন বাড়ছে। সংবিধান সংস্কার পরিষদ, জুলাই চার্টার বাস্তবায়ন ইত্যাদি নানা ইস্যুতে ঈদের পরে সংসদ উত্তপ্ত হবে বলে ধারণা করা হচ্ছে। গোটা এপ্রিল মাস জুড়ে অধিবেশন চলতে পারে। অনেকে প্রথমবার নির্বাচিত হয়ে জাতীয় সংসদে এসেছেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ এদের নিয়ে খুব বিরক্ত। অনেকে সংসদের রীতিনীতি, রেওয়াজ কিছুই জানেন না। সংসদের অধিবেশনে রাজপথের মতো শ্লোগান দিচ্ছেন। অধিবেশন চলাকালিন অনেক তরুণ সদস্য আসনে ↘ এরপর ৬৭ পৃষ্ঠায়



## মামদানির স্ত্রীকে নিয়ে কেন বিতর্ক

আজকাল রিপোর্ট

রাজনৈতিক চাপের মুখে পড়েছেন নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি। আর এ চাপ তার সুন্দরী স্ত্রীকে ঘিরে তৈরি হওয়া বিতর্কে। বিষয়টি শুরু হয় তাঁর স্ত্রী রামা দুওয়াজির অতীতের একটি চিত্রাঙ্কন কাজকে কেন্দ্র করে। যা ফিলিস্তিনি লেখক সুসান আবুলহাওয়ার সঙ্গে সম্পর্কিত বলে কিছু ডানপন্থি সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে।
সংবাদমাধ্যম ওয়াশিংটন ফ্রি বিকন প্রথম এ বিষয়টি প্রকাশ করে। প্রতিবেদনে বলা হয়, ২৮ বছর বয়সি ফ্রিল্যান্স ↘ এরপর ৬৭ পৃষ্ঠায়

## আরএসএস ও র'র ওপর নিষেধাজ্ঞার সুপারিশ

আজকাল রিপোর্ট

ধর্মীয় স্বাধীনতা লঙ্ঘন ও অধিকার খর্বের অভিযোগে ভারতের রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের (আরএসএস) ওপর নিষেধাজ্ঞা জারির সুপারিশ করেছে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা-বিষয়ক কমিশন বা 'ইউএসসিআইআরএফ'। একই সঙ্গে ↘ এরপর ৫৫ পৃষ্ঠায়

## স্কুল জোনে গাড়ির সর্বোচ্চ গতি ঘণ্টায় ১৫ মাইল

আজকাল রিপোর্ট



শিক্ষার্থী এবং পথচারিদের জীবন রক্ষার্থে নিউইয়র্ক সিটির স্কুলসমূহের আশে-পাশে গাড়ি চালানোর গতি ঘণ্টায় ২০ মাইল থেকে কমিয়ে ১৫ মাইল করা হলো। সিটি মেয়র জোহরান মামদানি ১৬ মার্চ এ ঘোষণা দিয়েছেন। এ সময় তার পাশে ছিলেন নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব ট্র্যান্সপোর্টেশনের (ডিওটি) কমিশনার মাইক ফ্লিন-সহ পদস্থ কর্মকর্তা ও জনপ্রতিনিধিরা। 'গাড়ির গতিবেগ যত কমবে ততই বাঁচবে মানুষের জীবন' এবং এটাই আমার প্রশাসনের অন্যতম প্রধান লক্ষ্য- বলেন মামদানি।
উল্লেখ্য, নিউইয়র্ক সিটির ৫ বরোর (ম্যানহাটান, কুইন্স, ব্রুকলীন, ব্রঙ্কস এবং স্ট্যাটেন আইল্যান্ড) ২৩০০ স্কুল জোনের মধ্যে ৭০০ জোনেই গাড়ি চালানোর সর্বোচ্চ গতিবেগ ছিল ২০ ↘ এরপর ২৮ পৃষ্ঠায়

## জাতিসংঘের সভাপতি পদপ্রার্থী ড. খলিলের শ্যাটল ডিপ্লোমেসি



হাসান মাহমুদ

মধ্যপ্রাচ্যে তুমুল যুদ্ধ পরিস্থিতির মধ্যে অনেকটা ঝুঁকি নিয়েই তুরস্কে যাত্রা বিরতি দিয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এখন নিউইয়র্কে। ইরানের হামলার ফলে বিমান পরিবহনের 'হাব' হিসেবে খ্যাত দুবাই এখন বন্ধ। তিনি গত শনিবার যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে ↘ এরপর ৬৭ পৃষ্ঠায়

## মিডিয়ার লাইসেন্স বাতিলের হুমকি ট্রাম্প প্রশাসনের



আজকাল রিপোর্ট

ইরানের বিরুদ্ধে চলমান যুদ্ধ নিয়ে সমালোচনামূলক সংবাদ প্রকাশ করলে সম্প্রচারমাধ্যমের লাইসেন্স বাতিল হতে পারে ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

## জামাইকাবাসীর প্রাণের মেলা ইফতারে

আজকাল রিপোর্ট

জামাইকাবাসীর প্রাণের সংগঠন 'জামাইকা বাংলাদেশ এসোসিয়েশন'(জেবিএ)। গত ২ বছর ধরে সংগঠনটি কমিউনিটির উন্নয়ন ও প্রবাসীদের সহযোগিতায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রবাসী বাংলাদেশিদের সৌহার্দ ও ভাতৃত্বের বন্ধন আরও জোরদার করার লক্ষ্যে গত ১৩ মার্চ শুক্রবার আয়োজন করেছিল ইফতার ও দোয়া মাহফিল। কুইন্সের আগ্রা পার্টি হলে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শাহ নেওয়াজ। সঞ্চালনায় ↘ এরপর ৫৬ পৃষ্ঠায়

































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903


Eid Mubarak
Wishing you and your family a joyful Eid al Fitr 1447 H.
May this blessed occasion bring peace, happiness, and prosperity.
Ln. Shah Nawaz
Chairman, Trustee Board
Bangladesh Society Inc.
President & CEO
Shah Nawaz Group
Ln. Rano Nawaz
Vice President
Shah Nawaz Group


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE

# MONIR SECURITY TRAINING SCHOOL

## 37-22 73 Street Suite # 1C
## Jackson Heights, NY 11372

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# ‘গ্রেটার ইসরায়েল’ বানাতে ধর্মযুদ্ধ?

সরফুদ্দিন আহমেদ

গত ২০ ফেব্রুয়ারি ইসরায়েলে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মাইক হাকাবি বিখ্যাত মার্কিন টিভি উপস্থাপক টাকার কার্লসনের সঙ্গে পডকাস্ট আলাপচারিতায় বসেছিলেন। সেখানে এক পর্যায়ে হাকাবি বলে ফেলেন, ইসরায়েল মধ্যপ্রাচ্যের সবটা নিয়ে নিলে ভালোই হয়; কারণ এই ভূমির প্রতিশ্রুতি তিন হাজার বছর আগেই ঈশ্বর তাঁদের দিয়ে রেখেছেন।

এ সময় উপস্থাপক কার্লসন ওল্ড টেস্টামেন্ট বা পুরাতন বাইবেলের জেনেসিস ১৫: ১৮ শ্লোক উল্লেখ করেন।

ওই শ্লোকে ঈশ্বর আব্রাহামকে (ইসলামে যিনি হজরত ইব্রাহিম আলাইহিস সালাম) প্রতিশ্রুতি দিয়েছেন, ‘তোমার বংশধরদের জন্য আমি নীল নদ থেকে বড় ইউফ্রেটিস নদী পর্যন্ত বিস্তৃত এই ভূমি দিয়েছি।’

কার্লসন এরপর হাকাবিকে বলেন, ‘লেভান্ট অঞ্চল অর্থাৎ ইসরায়েল, জর্ডান, সিরিয়া ও লেবাননের পাশাপাশি সৌদি আরব ও ইরাকের বড় অংশও ওই প্রতিশ্রুত এলাকার মধ্যে পড়ে যাবে।’

জবাবে হাকাবি বলেন, ‘এটা ঠিক, এতটা বড় হবে কি না, আমি নিশ্চিত নই; তবে এটা নিঃসন্দেহে একটি বড় ভূখণ্ড।’ তিনি বলেন, ‘ইসরায়েল এমন একটি ভূমি, যা ঈশ্বর আব্রাহামের মাধ্যমে তাঁর নির্বাচিত একটি জাতিকে দিয়েছেন।’

এরপর কার্লসন সরাসরি প্রশ্ন করেন, ‘ইসরায়েলের কি সেই পুরো ভূখণ্ডের ওপর অধিকার আছে?’ উত্তরে হাকাবি বলেন, ‘তারা সবটা নিতে পারলে তো ভালোই।’

অর্থাৎ ইসরায়েলে নিযুক্ত এই যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মনে করেন, পুরো মধ্যপ্রাচ্যকে ইসরায়েলের গিলে ফেলার সম্পূর্ণ অধিকার আছে। আর সেই পথে সবচেয়ে বড় বাধা হিসেবে তাঁরা আপাতত ইরানকেই দেখছেন।

ইসরায়েলের নেতারা বহু আগে থেকেই খোলাখুলি বলে আসছেন, তাঁরা শুধু ইহজাগতিক রাজনৈতিক মোক্ষলাভের জন্য রাজনীতি করেন না। ঈশ্বর তাঁদের যে ‘বৃহত্তর ইসরায়েল’-এর প্রতিশ্রুতি দিয়ে রেখেছেন, তা প্রতিষ্ঠার জন্য রাজনীতি করেন এবং যুদ্ধ করেন।

মিডল ইস্ট মনিটরের এক প্রতিবেদনে দেখা যাচ্ছে, ওই সময় আইডিএফের সেনাদের পোশাকে লাগানো ব্যাজে ইসরায়েলের পতাকার ছবির নিচে স্পষ্ট করে তাদের স্বপ্নের ‘গ্রেটার ইসরায়েল’-এর ম্যাপ আঁকা ছিল।

মিডল ইস্ট মনিটরের এক প্রতিবেদনে দেখা যাচ্ছে, ওই সময় আইডিএফের সেনাদের পোশাকে লাগানো ব্যাজে ইসরায়েলের পতাকার ছবির নিচে স্পষ্ট করে তাদের স্বপ্নের ‘গ্রেটার ইসরায়েল’-এর ম্যাপ আঁকা ছিল।ছবি: সংগৃহীত

এই ‘বৃহত্তর ইসরায়েল’ প্রতিষ্ঠার ইচ্ছা যে কতখানি প্রবল, তা ২০২৪ সালে গাজায় ফিলিস্তিনিদের ওপর গণহত্যা চালানোর সময় ইসরায়েলি ডিফেন্স ফোর্সের (আইডিএফ) সেনাদের খাকি পোশাকে সেঁটে দেওয়া সামরিক ব্যাজের দিকে খেয়াল করলে বোঝা যাবে।

মিডল ইস্ট মনিটর-এর এক প্রতিবেদনে দেখা যাচ্ছে, ওই সময় আইডিএফের সেনাদের পোশাকে লাগানো ব্যাজে ইসরায়েলের পতাকার ছবির নিচে স্পষ্ট করে তাদের স্বপ্নের ‘গ্রেটার ইসরায়েল’-এর ম্যাপ আঁকা ছিল।



এটি আরব দেশগুলোর মানুষের মধ্যে তীব্র ক্ষোভ সৃষ্টি করেছিল। ওই সময় সরকারিভাবে আইডিএফ সদস্যদের বলে দেওয়া হয়, তাঁদের ধর্মগ্রন্থে যে মসিহ বা ত্রাতা আসবেন বলে ভবিষ্যদ্বাণী করা আছে, সেই মসিহর আগমনের প্রেক্ষাপট ও প্রতিবেশ তৈরির জন্যই তাঁরা এই যুদ্ধ করছেন।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ১৩ মার্চ শুক্রবার দেওয়া ভাষণে (যদিও এই ভাষণ আদৌ নেতানিয়াহু দিয়েছেন, নাকি কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে বানানো ভিডিও প্রচার করা হয়েছে, তা নিয়ে এখন প্রবল সন্দেহ দেখা দিয়েছে। গুঞ্জন রটেছে, নেতানিয়াহু ইতিমধ্যে নিহত বা গুরুতর আহত হয়েছেন) বলেছেন, ‘আমরা সেই রাজ্য প্রতিষ্ঠা করব এবং মসিহর আসা নিশ্চিত করব।’

অর্থাৎ ট্রাম্প ও নেতানিয়াহু এবং তাঁদের সরকারের একেবারে মাথার দিকের নেতাদের কথাবার্তা শুনলে এবং তাঁদের কাজকারবার দেখলে বোঝা যাবে, ইরান যুদ্ধকে তাঁরা নেহাত রাষ্ট্রের সঙ্গে রাষ্ট্রের ঝগড়াঝাঁটি কিংবা সামরিকভাবে একে অন্যকে দেখে নেওয়ার বিষয় হিসেবে দেখছেন না; বরং তাঁরা পুরো পরিস্থিতিকে একটি বাইবেলীয় ভবিষ্যদ্বাণীর দৃষ্টিকোণ থেকে দেখছেন এবং সেই মনোভঙ্গি থেকেই মধ্যপ্রাচ্য ইস্যুতে রাজনৈতিক ও সামরিক সিদ্ধান্ত নিচ্ছেন।

তাঁদের অনেকেই ইতিমধ্যে বলে ফেলেছেন, ওল্ড টেস্টামেন্টে ‘আর্মাগেডন’ বা ‘চূড়ান্ত যুদ্ধের’ (ইসলামের পরিভাষায় যাকে বলা হয় ‘মালহামাতুল কুবরা’ বা কিয়ামতের পূর্বে সংঘটিতব্য মানব ইতিহাসের সবচেয়ে ভয়াবহ ও রক্তক্ষয়ী মহাযুদ্ধ) প্রেক্ষাপট ইরান যুদ্ধের মধ্য দিয়েই সূচিত হতে যাচ্ছে।

ব্রিটিশ পত্রিকা দ্য গার্ডিয়ান-এর খবরে বলা হয়েছে, ইউএস মিলিটারি রিলিজিয়াস ফ্রিডম ফাউন্ডেশন (এমআরএফএফ) ইতিমধ্যে ২০০-এর বেশি অভিযোগ এরপর ৩০ পৃষ্ঠায়



> আজকের প্রতিপাদ্য আমাদের মনে করিয়ে দেয়-অধিকার ও ন্যায়বিচার কেবল দাবির বিষয় নয়, তা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ প্রয়োজন। যদি আমরা পরিবারে সম্মান, সমাজে সচেতনতা এবং রাষ্ট্রে জবাবদিহিতা নিশ্চিত করতে পারি, তবে নারী ও কন্যাশিশুর জন্য একটি নিরাপদ ভবিষ্যৎ গড়া সম্ভব। একই সঙ্গে প্রবীণ নারীর মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা যাবে। আসুন, ৮ মার্চকে শুধু আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ না রেখে প্রতিজ্ঞার দিনে পরিণত করি। আজকের ছোট ছোট পদক্ষেপ-একটি প্রতিবাদ, একটি সচেতনতা সভা, একটি সহানুভূতির হাত-আগামীর ন্যায়বিচারের ভিত্তি হতে পারে। নারী নিরাপদ হলে পরিবার নিরাপদ হবে; পরিবার নিরাপদ হলে সমাজ হবে মানবিক। নারী ও কন্যার অধিকার সুরক্ষিত হোক-এই প্রত্যাশায়, এই অঙ্গীকারেই আন্তর্জাতিক নারী দিবসের সত্যিকারের তাৎপর্য

# জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে রাষ্ট্রপতির আদেশ কি অসাংবিধানিক

> সব কটিই জারি করেছেন সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে। সাংবিধানিক সব প্রতিষ্ঠানে সংবিধান অনুযায়ী নিয়োগ ও শপথ প্রদান করেছেন। কিন্তু একটিমাত্র আদেশ জারি করার ক্ষেত্রে প্রস্তাবনায় তিনি সংবিধানের কোনো অনুচ্ছেদের ক্ষমতাবলে করেছেন তা উল্লেখ করেননি। শুধু জনগণের পরম অভিপ্রায়ের উল্লেখ করেছেন। কিন্তু অন্য কোনো পদক্ষেপের ক্ষেত্রে, এমনকি জাতীয় নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রেও জনগণের অভিপ্রায়ের কথা বলেননি; বরং সংবিধান অনুযায়ী নির্বাচন আয়োজনের কথা বলেছেন। আবারও মনে রাখা প্রয়োজন, রাষ্ট্রপতি সাংবিধানিক কাঠামোতে জাতীয় সংসদ কর্তৃক নির্বাচিত। অর্থাৎ, রাষ্ট্রপতি নিজেও সংবিধানের উর্ধ্বে নন। সুতরাং, রাষ্ট্রপতি কর্তৃক জারিকৃত ২০২৫ সনের ১ নম্বর আদেশ রাষ্ট্রপতির সাংবিধানিক ক্ষমতাবহির্ভূত

মো. রুহুল কুদ্দুস



জুলাই জাতীয় সনদের প্রস্তাব বাস্তবায়নে সংবিধান সংস্কার পরিষদ গঠন নিয়ে জাতীয় সংসদে বিতর্ক হয়েছে। জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ অনুসারে নির্ধারিত সময়ে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান না করায় জাতীয় সংসদে উদ্বেগ প্রকাশ করেছেন বিরোধীদলীয় নেতা জামায়াতের আমির শফিকুর রহমান। এর জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের অস্তিত্ব না থাকায় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে পরামর্শ দিতে পারেন না। রাষ্ট্রপতিও অধিবেশন ডাকতে পারেন না বলে তা করেননি। এ বিতর্কের মূল বিষয়বস্তু হলো বিদ্যমান সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি অধ্যাদেশ ছাড়া কোনো আদেশ জারি করতে পারেন কি না? স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সংসদ ভেঙে যাওয়া অবস্থায় সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি শুধু অধ্যাদেশ জারি করতে পারেন, আদেশ জারি করতে পারেন না।

সুপ্রিম কোর্টের আইনজীবী, জামায়াতের সংসদ সদস্য ব্যারিস্টার নাজিবুর রহমানের বক্তব্য অনুযায়ী, রাষ্ট্রপতি আদেশ জারি করতে পারেন। তাঁর যুক্তিতে, সংবিধানের ১৫২ অনুচ্ছেদে ‘আইন’-এর সংজ্ঞা অধ্যাদেশের পাশাপাশি আদেশও আইনের অন্তর্ভুক্ত বলে বলা হয়েছে।

তাঁর এই ব্যাখ্যায় বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। তিনি যদি পুরো সংজ্ঞাটি পড়তেন, তাহলে আইন বলতে কী কী এর অন্তর্ভুক্ত তা মানুষ সহজে বুঝতে পারতেন। সংবিধান অনুযায়ী, ‘আইন’ অর্থ কোনো আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত দলিল এবং বাংলাদেশে আইনের ক্ষমতাসম্পন্ন যেকোনো প্রথা বা রীতি।

‘আদেশ’ যে আইনের অন্তর্ভুক্ত সে কথা অস্বীকার করার উপায় নেই। মূল বিতর্ক হলো, রাষ্ট্রপতি বিদ্যমান সাংবিধানিক কাঠামোতে ‘আদেশ’ জারি করতে পারেন কি না? সরাসরি উত্তর-না।

ব্যারিস্টার নাজিবুর যে আদেশগুলোর উল্লেখ করেছেন (গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-সহ) সেগুলো একটি অস্থায়ী ও ক্রান্তিকালীন অবস্থায় প্রণীত। স্বাধীনতা-উত্তর বাংলাদেশে প্রণীত সংবিধানের অধীন গঠিত সংসদের প্রথম বৈঠকের পর এ ধরনের আদেশ জারির কোনো সুযোগ নেই। সংবিধানের চতুর্থ তফসিলে বর্ণিত ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলিকে সংবিধানের ১৫০ অনুচ্ছেদের অনুবলে কার্যকারিতা প্রদান করা হয়েছে।




১৯৭৩ সালের ৭ এপ্রিল, সংসদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। কাজেই সাংবিধানিকভাবে উল্লিখিত তারিখের (১৯৭৩ সালের ৭ এপ্রিল) পর রাষ্ট্রপতি কর্তৃক আর কোনো আদেশ জারির সুযোগ নেই। বাস্তবিকভাবে ওই তারিখের পর বাংলাদেশে আর কোনো আদেশ জারি হয়নি। এ জন্যই ২০২৫ সালে রাষ্ট্রপতি কর্তৃক জারি করা একমাত্র আদেশের বৈধতা/সাংবিধানিকতা নিয়ে এত বিতর্ক।

বাংলাদেশের স্বাধীনতার ঘোষণার পরে প্রথম স্বাধীনতার ঘোষণাপত্রের মাধ্যমে আইন প্রণয়নকারী কর্তৃপক্ষের সৃষ্টি করা হয়। স্বাধীনতার ঘোষণাপত্র অনুযায়ী, প্রজাতন্ত্রের আইন প্রণয়নের সব ক্ষমতা রাষ্ট্রপতির কাছে ন্যস্ত থাকবে। রাষ্ট্রপতি অনুপস্থিত থাকলে অথবা কার্যভার গ্রহণে অক্ষম হলে উপরাষ্ট্রপতি রাষ্ট্রপতির সব ক্ষমতা প্রয়োগ করতে পারবেন অর্থাৎ আইন প্রণয়ন করতে পারবেন। এভাবে স্বাধীনতার ঘোষণাপত্রে রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতিকে আইন প্রণয়নের ক্ষমতা দেওয়া হয়।

স্বাধীনতাযুদ্ধে বিজয়ের পরে ১৯৭২ সালের ১০ জানুয়ারি রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তন করেন। পরদিন ১১ জানুয়ারি, ১৯৭২ তিনি অস্থায়ী সংবিধান আদেশ, ১৯৭২ জারি করেন। স্বাধীনতার ঘোষণাপত্রে প্রেসিডেন্টকে দেওয়া ক্ষমতাবলে তিনি এই আদেশ জারি করেছিলেন। এই আদেশের মাধ্যমে একটি গণপরিষদের সৃষ্টি করেন, যাঁরা সংবিধান রচনা করবেন এবং একটি সংসদীয় গণতন্ত্রের রাষ্ট্রকাঠামো তৈরি করেন। পরে ১৯৭২ সালের ২২ নম্বর আদেশ দ্বারা গণপরিষদের কার্যপদ্ধতি নির্ধারণ করেন।

১৯৭২ সালের ৪ নভেম্বর সংবিধান গণপরিষদে গৃহীত হয় এবং ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর থেকে বলবৎ হয় (১৫৩ অনুচ্ছেদ)। সংবিধানে প্রজাতন্ত্রের আইন প্রণয়নের মূল ক্ষমতা দেওয়া হয় জাতীয় সংসদকে (অনুচ্ছেদ ৬৫)। এ ছাড়া সংসদ ভেঙে গেলে কিংবা অধিবেশন চলমান না থাকলে প্রেসিডেন্টকে অধ্যাদেশ জারির মাধ্যমে আইন তৈরির ক্ষমতা দেওয়া হয়েছে (অনুচ্ছেদ ৯৩)। এ ছাড়া সুপ্রিম কোর্টকে (১১১ অনুচ্ছেদ অনুযায়ী) আইন ঘোষণা করার ক্ষমতা দেওয়া হয়েছে ও অন্যান্য কিছু কর্তৃপক্ষকে ডেলিগেটেড লেজিসলেশন বা সীমিত পরিসরে বিধি তৈরির ক্ষমতা দেওয়া হয়েছে।

সংবিধান গ্রহণ করার সময় সংবিধানের ১৫১ অনুচ্ছেদ অনুযায়ী অস্থায়ী সংবিধান আদেশসহ আটটি আদেশ রহিত করা হয়েছে। তবে ৪৭(২) অনুচ্ছেদের ক্ষমতাবলে প্রথম তফসিলে বর্ণিত কতিপয় আদেশকে বিশেষ প্রাধিকার দিয়ে সংরক্ষণ করা হয়েছে।

বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৭৩ সালের ৭ মার্চ এবং প্রথম জাতীয় সংসদের অধিবেশন বসে ১৯৭৩ সালের ৭ এরপর ৩০ পৃষ্ঠায়

# সংসদে ‘আওয়ামী’ রাষ্ট্রপতির বিএনপি-বয়ান

> আগের ভাষণে তিনি ৭ জানুয়ারির নির্বাচনে দেশের জনগণ ও গণতন্ত্রের জয় ও যুগান্তকারী ঘটনা বলে উল্লেখ করেছিলেন। অন্যদিকে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে তিনি শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে গণ-অভ্যুত্থানকে স্বাগত জানিয়ে বলেছেন, ‘দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসনামলে গুম, খুন, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে নির্যাতন ও নিপীড়নের শিকার সাধারণ মানুষ ও রাজনৈতিক দলের সদস্যবৃন্দকে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি, যাঁদের অসামান্য ত্যাগের মাধ্যমে বাংলাদেশ ফ্যাসিবাদমুক্ত হয়ে গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে।’ এক যাত্রায় দুই ফলের কথা শুনেছি। এবার দেখা গেল রাষ্ট্রপতির পদে আসীন একই ব্যক্তির দুই বয়ান

সোহরাব হাসান



বাংলাদেশের সংবিধানের ৭৩(২) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবছর সংসদের প্রথম অধিবেশন ও সাধারণ নির্বাচনের পর প্রথম বৈঠক বা অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ দেওয়ার রেওয়াজ আছে। কিন্তু রাষ্ট্রপতি সেই ভাষণ নিজের বুদ্ধিবিবেক অনুযায়ী দিতে পারেন না। তাঁকে ক্ষমতাসীন দলের লিখিত ভাষণ পড়তে হয়। এই রেওয়াজই চলে আসছে। কেউ পাল্টানোর কথা বলছেন না। এ কারণেই আমরা অতীতে বিএনপির রাষ্ট্রপতির মুখে আওয়ামী বুলি শুনেছি। আর এবার আওয়ামী রাষ্ট্রপতির মুখে বিএনপির বুলি শুনলাম।

সংসদের প্রথম দিন যেসব আনুষ্ঠানিকতা হয়ে থাকে, এবারও তার ব্যতিক্রম হয়নি। নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছেন। এরপর দুই পক্ষের আলোচনা ও সমঝোতার ভিত্তিতে কার্য উপদেষ্টা কমিটি, বিশেষ কমিটিসহ সাতটি কমিটি গঠিত হয়েছে। মন্ত্রণালয়ভিত্তিক কমিটি গঠিত না হওয়া পর্যন্ত এসব কমিটিই সংসদ পরিচালনায় মুখ্য ভূমিকা রাখবে।

প্রথা অনুযায়ী বিগত সংসদ ও বর্তমান সংসদের মধ্যকার সময়ে যেসব সাবেক জনপ্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তি প্রয়াত হয়েছেন, তাঁদের স্মরণে শোকপ্রস্তাব আনা হয়। এই শোকপ্রস্তাবে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও জুলাই শহীদদের পাশাপাশি আওয়ামী লীগ আমলে যুদ্ধাপরাধের দায়ে দণ্ডিত ব্যক্তিদের নামও আছে। এসব নিয়ে কেউ আপত্তি করেননি। বরং মুক্তিযোদ্ধা স্পিকার বিনা বাক্য ব্যয়ে জানিয়ে দিয়েছেন, সব নাম অন্তর্ভুক্ত করা হলো।

বিরোধী দল জামায়াত ও জাতীয় নাগরিক পার্টির পক্ষ থেকে আগেই বলা হয়েছিল, তাঁরা রাষ্ট্রপতির ভাষণ শুনতে চান না। বরং তাঁর বিরুদ্ধে অভিশংসন আনতে চান। কিন্তু সমস্যা হলো ক্ষমতাসীন বিএনপির সমর্থন ছাড়া এ ধরনের কোনো প্রস্তাব যে সংসদে পাস হবে না, তা তাঁরাও জানেন। এ জন্যই যখন রাষ্ট্রপতি ভাষণ শুরু করেন, তখন তাঁরা সমস্বরে প্ল্যাকার্ড নিয়ে প্রতিবাদ জানান এবং ওয়াকআউট করেন।

অতীতেও সংসদে রাষ্ট্রপতির ভাষণ বর্জনের উদাহরণ আছে। কিন্তু জাতীয় সংগীত বাজানোর মুহূর্তে যেভাবে বিরোধী দলের সংসদ সদস্যদের একাংশ নিজ নিজ আসনে বসে থাকলেন, সেটা অনেককে আহত করেছে। তাঁদের দাবি, সে সময় কারিগরি ত্রুটির কারণে তাঁরা জাতীয় সংগীত বাজানোর বিষয়টি শুনতে পাননি। যদিও পরবর্তী মুহূর্তে তাঁরা দাঁড়িয়ে সম্মান জানিয়েছিলেন।

রাষ্ট্রপতি পদটি সর্বোচ্চ সম্মান ও মর্যাদার প্রতীক। এই পদে যাঁরা আসীন হন, তাঁদেরও সেই মর্যাদা ও সম্মান নিয়ে থাকা উচিত। কিন্তু আমাদের দেশে রাষ্ট্রপতি পদটিকে বরাবর ‘আজ্ঞাবহ’ করে রাখা হয়েছে বিভিন্ন সরকারের আমলে।

আওয়ামী লীগের রাষ্ট্রপতি হিসেবে পরিচিত মো. সাহাবুদ্দিন যে ভাষণ জাতীয় সংসদে দিলেন, সেটা ছিল বিএনপি সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ অনুমোদিত।

ফলে এই ভাষণে যে বিএনপি সরকারের ভূয়সী প্রশংসা ও আওয়ামী লীগের কঠোর সমালোচনা থাকবে, সেটাই স্বাভাবিক। রাষ্ট্রপতি আওয়ামী লীগকে ফ্যাসিস্ট দল ও আওয়ামী লীগ শাসনকে দুর্নীতিতে চ্যাম্পিয়ন বলে অভিহিত করেছেন। কিন্তু তিনি বিএনপির আমলে চারবার দুর্নীতিতে চ্যাম্পিয়ন হওয়ার কথা বলতে পারেননি।

রাষ্ট্রপতি তাঁর ভাষণে স্বাধীনতার ঘোষক হিসেবে জিয়াউর রহমানের নাম শ্রদ্ধাভরে স্মরণ করলেও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বা অন্য কোনো নেতার নাম বলেননি। তাঁর ভাষায় তাঁরা হয়েছেন মুক্তিযুদ্ধে অবদান রাখা ‘সকল নেতা’। এই রাষ্ট্রপতি ২০২৪ সালের ৩০ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদের উদ্বোধনী ভাষণে বিএনপি ও এর সহযোগীদের দেশবিরোধী শক্তি হিসেবে চিহ্নিত করেছিলেন। সেবার তিনি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ ও সুষ্ঠু বলে অভিহিত করে ষড়যন্ত্র ও গুজব রটনাকারীদের সম্পর্কে সজাগ থাকতে বলেছিলেন দেশবাসীকে।

আমরা যদি সংসদকে দলমত-নির্বিশেষে সবার প্রতিনিধিত্বশীল প্রতিষ্ঠান হিসেবে গণ্য করি, তাহলে রাষ্ট্রপতিকে দিয়ে জাতীয় সংসদে সরকারি দল বা সরকারের লিখিত ভাষণ পাঠ করানোর অগণতান্ত্রিক রীতি বদলানো উচিত। বিচারপতি সাহাবুদ্দীন আহমদ ছাড়া আর কোনো রাষ্ট্রপতি স্বীয় সম্মান ও মর্যাদা রক্ষার চেষ্টা করেননি। তিনিও সংসদে সরকারি দলের লিখিত ভাষণ পড়ার পাশাপাশি নিজের বক্তব্যও তুলে ধরতেন।

জুলাই সনদে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্যের কথা বলা হয়েছে। কিন্তু সংসদের প্রথম অধিবেশনে যাঁরা রাষ্ট্রপতির ভাষণ বর্জন করেছেন, তাঁরা কেউ সরকারি দলের লিখিত ভাষণ নিয়ে প্রশ্ন করেননি। প্রশ্ন করেছেন স্বৈরাচারের দোসর রাষ্ট্রপতিকে নিয়ে। ভবিষ্যতে যদি বিএনপি-দলীয় রাষ্ট্রপতি আসেন, তাঁকে দিয়েও একই কাজ করানো হবে।

রাষ্ট্রপতির ভাষণ ছাড়া যেসব মৌলিক বিষয়ে সরকারি ও বিরোধী দলের মধ্যে বিরোধ আছে, সেগুলো কীভাবে সুরাহা হবে, তার ইঙ্গিত পাওয়া গেল না সংসদের প্রথম অধিবেশনে। জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে দুই পক্ষের মধ্যে বিস্তর ফারাক আছে। সরকারি দল বলছে আপত্তিসহ তাঁরা জুলাই সনদে সই করেছেন। আর জনগণ তাঁদের নির্বাচনী ইশতেহারের পক্ষে রায় দিয়েছেন। ফলে এর বাইরের কিছু গ্রহণ করা তাঁদের পক্ষে সম্ভব নয়। এরপর ৩২ পৃষ্ঠায়





# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা


**IMMIGRATION**
(Consultation fee applies)








## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# খাল খনন: জিয়া থেকে তারেক

> ভবিষ্যতে পানিসম্পদ পরিকল্পনা, বন্যা নিয়ন্ত্রণ, সেচ সম্প্রসারণ ও পরিবেশ সংরক্ষণে দীর্ঘমেয়াদি সুফল মিলবে। সংস্থাভিত্তিক দায়িত্ব স্পষ্ট হলে সমন্বয় বাড়বে এবং অপচয় কমবে বলে মনে করেন বিশেষজ্ঞরা। বাংলাদেশে ১ লাখ ৬১ হাজার কিলোমিটার খাল রয়েছে। বন্যা ও খরা প্রতিরোধ, নদীর প্রবাহ বৃদ্ধিই শুধু নয়, খাল-নদী খনন ও পুনঃখনন এখন সময়ের দাবি। এ কর্মসূচি বাস্তবায়িত হলে দেশের পানিসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা সম্ভব হবে, কৃষিকাজে পানি সরবরাহ বৃদ্ধি পাবে এবং ভূগর্ভে পানির জোগান বাড়বে। এ প্রসঙ্গে একটি কথা স্পষ্টভাবে বলা দরকার, কৃষির জন্য খাল খনন করা প্রয়োজন এবং কৃষি হতে হবে খালনির্ভর, টিউবওয়েল নির্ভর নয়। বিবেচনায় রাখা প্রয়োজন, ভূগর্ভস্থ পানি তোলার তাণ্ডব এরই মধ্যে দেশকে কিন্তু ধ্বংসের দোরগোড়ায় নিয়ে গেছে!

আলম রায়হান



বাংলাদেশে ১ লাখ ৬১ হাজার কিলোমিটার খাল রয়েছে। বন্যা ও খরা প্রতিরোধ, নদীর প্রবাহ বৃদ্ধিই শুধু নয়, খাল-নদী খনন ও পুনঃখনন এখন সময়ের দাবি। এ কর্মসূচি বাস্তবায়িত হলে দেশের পানিসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা সম্ভব হবে, কৃষিকাজে পানি সরবরাহ বৃদ্ধি পাবে এবং ভূগর্ভে পানির জোগান বাড়বে।এ প্রসঙ্গে একটি কথা স্পষ্টভাবে বলা দরকার, কৃষির জন্য খাল খনন করা প্রয়োজন এবং কৃষি হতে হবে খালনির্ভর, টিউবওয়েল নির্ভর নয়। বিবেচনায় রাখা প্রয়োজন, ভূগর্ভস্থ পানি তোলার তাণ্ডব এরই মধ্যে দেশকে কিন্তু ধ্বংসের দোরগোড়ায় নিয়ে গেছে

মরমি কবি হাছন রাজার বিখ্যাত বাউল গান, 'কি ঘর বানাইমু আমি শূন্যেরই মাঝার'। এই গানে তিনি সংসারের অনিত্যতা ও শূন্যতায় বিলীন হওয়ার কথা বুঝিয়েছেন। কবির বিবেচনায় দালানকোঠা বা পার্থিব ঘরবাড়ি স্থায়ী নয়। নতুন সরকারের সম্প্রতি আলোচিত খাল খনন উদ্যোগের বিষয়ে খোঁজখবর এবং চিন্তার পরিপ্রেক্ষিতে হাছন রাজার এ গানটি বারবার মনে পড়ছে। কারণ, দখল-দূষণে বাড়তে থাকা উদ্বেগের মধ্যেই খাল খননের উদ্যোগ নেয় তারেক সরকার। তার আনুষ্ঠানিক সূচনাও হয়ে গেল সোমবার। প্রধানমন্ত্রী তারেক রহমান এদিন দিনাজপুরের কাহারোল উপজেলার সাহাপাড়ায় খাল খনন কর্মসূচির উদ্বোধন করেন। প্রধানমন্ত্রীর খাল পুনঃখননের উদ্বোধনের মাধ্যমে দেশব্যাপী 'নদী-নালা-খাল ও জলাধার খনন ও পুনঃখনন' কর্মসূচি বাস্তবায়নের কাজ শুরু হলো। প্রসঙ্গত, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সুদূরপ্রসারী কাজগুলোর একটি হচ্ছে খাল খনন। ১৯৭৭ সালে বাংলাদেশের গ্রামীণ উন্নয়ন ও কৃষি পুনরুজ্জীবনের উদ্দেশ্য নিয়ে খাল খনন কর্মসূচি চালু করেছিলেন রাষ্ট্রপতি জিয়া। তিনি দূরদর্শিতা ও বুদ্ধিমত্তায় খাল খনন কর্মসূচির মাধ্যমে একটি যুগান্তকারী মডেল স্থাপন করেন। এ কর্মসূচির মূল লক্ষ্য ছিল বর্ষাকালে অতিরিক্ত পানি ধরে রাখা এবং শুষ্ক মৌসুমে কৃষিকাজে সেচব্যবস্থা নিশ্চিত করে বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ একটি দেশের মডেল তৈরি করা। পাশাপাশি সহজ যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা গড়ে তোলাও ছিল খাল খননের অন্যতম উদ্দেশ্য। 'কাজের বিনিময়ে খাদ্য' মডেলে পরিচালিত এ উদ্যোগে গ্রামের মানুষ অংশগ্রহণ করেছে। স্বেচ্ছাশ্রমেও অংশ নিয়েছে অনেকে। ফলে এর নানানবিধ সামাজিক প্রভাব তৈরি হয়। এ খাল খনন কর্মসূচি ১৯৭৭ থেকে ১৯৮১ সালের মধ্যে বাংলাদেশের গ্রামীণ উন্নয়ন ও কৃষি সম্প্রসারণে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। এ সময়ে ২৭৯টি প্রকল্পের মাধ্যমে প্রায় দেড় হাজার খাল খনন করা হয়। এ খালের দৈর্ঘ্য ছিল প্রায় ৩ হাজার ৬৩৬ মাইল। এর মাধ্যমে লক্ষাধিক একর জমিকে সেচের আওতায় আনা গেছে। শহীদ জিয়ার খাল খনন কর্মসূচির ফলে শুষ্ক মৌসুমেও কৃষি উৎপাদন বৃদ্ধি পায় এবং গ্রামীণ জনগণের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। এ নিয়ে নানান ধরনের গবেষণা হয়েছে। ডক্টরেটও করেছেন ডাকসাইটের আমলা মহীউদ্দীন খান আলমগীর। পরে তিনি হাসিনা সরকারে মন্ত্রী হন।





আবার খাল খননের ধারা থমকে যেতে সময় লাগেনি। জিয়া নেই তো ভেস্তে গেল খাল কাটা কর্মসূচি এবং কাটার বদলে শুরু হলো খাল দখল। এই দখল প্রক্রিয়া নদী পর্যন্ত ঠেকেছে। আর দখল-দূষণে অনেক নদী হারিয়ে গেছে। কাজেই খালের দশা সহজেই অনুমেয়। এ অবস্থায় দেশের পানি ও কৃষির যখন ত্রাহি দশা তখন বিএনপি গ্রহণ করে খাল খনন কর্মসূচি এবং এটি নির্বাচনী ইশতেহারেও স্থান পায়। আর এখানেই শেষ নয়, কাজও শুরু হয়েছে। গাজীপুরের শ্রীপুরে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের খনন করা চৌকার খাল পরিদর্শন শেষে সাংবাদিকদের পানিসম্পদ মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি গত ২ মার্চ জানান, ১৮০ দিনের মধ্যে ১২০০ কিলোমিটার খাল খনন দৃশ্যমান হবে। তিনি স্মরণ করিয়ে দেন, নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী পাঁচ বছরে ২০ হাজার কিলোমিটার খাল খনন বা পুনঃখননের পরিকল্পনা নেওয়া হয়েছে। মন্ত্রী আরও বলেন, 'শপথ নেওয়ার এক সপ্তাহও পার হয়নি; দায়িত্ব নেওয়ার পরদিন থেকেই আমরা কাজ শুরু করেছি।' সাধু! সাধু! কিন্তু প্রশ্ন হচ্ছে, খাল খনন করা হবে কোথায়? অনেক খালের তো অস্তিত্বও নেই। এ ক্ষেত্রে তো হাছন রাজার 'শূন্যেরই মাঝার' গান খাটবে না। আর যাই হোক, শূন্যের মাঝারে খাল খনন করা যায় না।

যদিও খাল খননের কঠিন বাস্তবতা প্রকারান্তরে মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী জানান দিতে দ্বিধা করেননি। তিনি বলেছিলেন, 'দীর্ঘদিন ধরে প্রভাবশালী ব্যক্তিরা অবৈধভাবে খাল দখল করে দোকানপাট, বাড়িঘর নির্মাণ করে আসছিলেন।' একই সময় তিনি আসলে এক ধরনের আপ্তবাক্য উচ্চারণ করেছেন, 'খাল হলো সরকারের সম্পত্তি এবং এটি শুধু জনসাধারণের প্রয়োজনে ব্যবহৃত হবে।' বলা বাহুল্য, যাত্রাগানের বিবেকের মতো এ ধরনের ডায়ালগ এর আগে বহুজন, বহুবার উচ্চারণ করেছেন। কিন্তু ওই পর্যন্তই; কাজের কাজ কিছু হয়নি। বরং এ আওয়াজকে পুঁজি করে চাঁদা-বাণিজ্য হয়েছে। এ শুধু খাল দখল করে ভবন-মার্কেট নির্মাণ নয়, খালের প্রবাহের মধ্যে দোকানপাট উচ্ছেদের আওয়াজ দিয়ে চাঁদাবাজির বহু এরপর ৩০ পৃষ্ঠায়

# সংসদের প্রথম অধিবেশন ও আগামীর পূর্বাভাস

ড. মো. আনোয়ার হোসেন

ইতিহাসের চাকা ঘুরে আবার সেই মাহেন্দ্রক্ষণ এল, যখন রক্তক্ষয়ী জুলাইয়ের স্মৃতি আর নতুন সূর্যের আবাহন নিয়ে যাত্রা শুরু করল বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ। ১২ মার্চ ২০২৬ তারিখটি বাংলাদেশের সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে কেবল একটি তারিখ নয়, বরং এক নতুন অধ্যায়ের সূচনাবিন্দু হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। দীর্ঘ প্রতীক্ষা আর অস্থিরতার অবসান ঘটিয়ে রাজধানীর শেরেবাংলা নগরের সেই বিশাল অট্টালিকাটি যেন ঘটন-অঘটনের এক পুনর্জন্মের সাক্ষী হয়ে দাঁড়িয়েছে।

সংসদকক্ষের ভেতরে প্রবেশ করতেই সবার নজর কেড়েছিল স্পিকারের সেই শূন্য চেয়ার। একটি আসন যখন শূন্য থাকে, তখন তা কেবল আসবাবের অভাব বোঝায় না, বরং একটি যুগের অবসান ও নতুনের আহ্বান নির্দেশ করে। গণতন্ত্রের কেন্দ্রবিন্দুতে এই শূন্যতা যেন গত কয়েক বছরের রাজনৈতিক অস্থিরতা ও পালাবদলের এক নীরব ভাষা হয়ে দাঁড়িয়েছিল। প্রকৃতি যেমন শূন্যস্থান পছন্দ করে না, রাজনীতিও তেমনই কোনো শূন্যতা দীর্ঘস্থায়ী হতে দেয় না। এই শূন্য আসনটি যেন চিৎকার করে বলছিল যে ১৮ মাসের পুরোনো সব জঞ্জাল মুছে ফেলে এখন সময় হয়েছে নতুন কোনো দূরদর্শী নেতৃত্বের হাতে ক্ষমতা তুলে দেওয়ার।

অধিবেশনের শুরুতেই গ্যালারি ও সংসদ সদস্যদের আসনে এক অদ্ভুত উত্তেজনা বিরাজ করছিল, যা একপর্যায়ে 'কার্ড' প্রদর্শনের মধ্য দিয়ে চূড়ান্ত রূপ নেয়। ফুটবল মাঠে রেড কার্ড মানে যেমন চিরতরে মাঠ থেকে বিদায়, সংসদের ভেতরে এই প্রতীকী প্রদর্শন ছিল এক চূড়ান্ত ধিক্কার। সংসদ সদস্যরা কার্ড উঁচিয়ে যেন সেই বার্তাটিই দিচ্ছিলেন যে জুলাইবিরোধী কোনো শক্তিকে এ মাটিতে আর ঠাঁই দেওয়া হবে না।

সংসদীয় ঐতিহ্যের অন্যতম অনুষঙ্গ 'ওয়াকআউট' প্রথম দিনেই তার উপস্থিতি জানান দিয়েছে। কোনো নির্দিষ্ট ইস্যুতে মতভিন্নতা থেকে বিরোধী দলের সংসদ সদস্যদের কক্ষ ত্যাগ করার ঘটনাটি গণতন্ত্রের প্রাণবন্ত রূপকেই ফুটিয়ে তোলে। এ ঘটনায় ভিন্নমতের একটি গণতান্ত্রিক বহিঃপ্রকাশ হলো। এই ওয়াকআউট যেন কবি জীবনানন্দ দাশের 'আট বছর আগের একদিন' কবিতার সেই বিপন্ন বিস্ময়ের মতো, যেখানে মানুষ তার অধিকারের প্রশ্নে অবিচল থেকে প্রতিবাদ জানায়। সংসদীয় বিতর্ক যে একপেশে হবে না এবং বিরোধী কণ্ঠস্বর যে প্রবল বিক্রমে ফিরে এসেছে, এটি ছিল তারই এক বলিষ্ঠ সংকেত। অনেক রাজনৈতিক বিশ্লেষক মনে করেন ওয়াকআউট যথেষ্ট ছিল, আগে থেকে প্ল্যাকার্ড নিয়ে আসার প্রয়োজন ছিল না।

নবীন সংসদ সদস্য ও বিরোধীদলীয় চিফ হুইপের সরব উপস্থিতি অধিবেশন কক্ষে এক নতুন প্রাণের সঞ্চার করেছিল। তারুণ্যের এই জয়গান যেন নজরুলের 'বিদ্রোহী' কবিতার সেই উন্নত শিরের প্রতিচ্ছবি, যা সব বাধা ডিঙিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার অঙ্গীকার করে। এই তরুণ প্রতিনিধিরা যখন তাঁদের প্রথম বক্তব্য দিচ্ছিলেন, তখন সেখানে অভিজ্ঞতার চেয়ে বেশি প্রাধান্য পাচ্ছিল স্বপ্ন পূরণের তাড়না। রাজনীতিতে এই নতুন রক্তের প্রবাহ ইঙ্গিত দিচ্ছে যে বাংলাদেশের ভবিষ্যৎ এখন এমন এক প্রজন্মের হাতে, যারা আধুনিক বিজ্ঞানমনস্কতা আর অতি আবেগের এক অপূর্ব মিশেলে বেড়ে উঠেছে।



অধিবেশনের অন্যতম আইনি কার্যক্রম ছিল অন্তর্বর্তী সরকারের অসংখ্য অধ্যাদেশ পেশ করা। আইন ও বিজ্ঞানের ভাষায়, কোনো ব্যবস্থাকে টেকসই করতে হলে তার ভিত্তি হতে হয় মজবুত। এই অধ্যাদেশগুলো সেই ভিত হিসেবেই কাজ করবে বলে ধারণা করা হচ্ছে।

সভার সভাপতিত্ব নিয়ে যে অনিশ্চয়তা ছিল, তা দূর করে যখন প্যানেল স্পিকারের মাধ্যমে অধিবেশন পরিচালিত হচ্ছিল, তখন তা ছিল এক অনন্য মুহূর্ত। কে বসবেন সেই আসনে, তা নিয়ে যে জল্পনা ছিল তার অবসান ঘটে এক বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে।

নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার মনোনয়ন ঘিরে সংসদের ভেতরে একধরনের গম্ভীর পরিবেশ তৈরি হয়েছিল। নিরপেক্ষতা আর প্রজ্ঞার মিশেলে তাঁরা সংসদকে কতটুকু কার্যকর রাখতে পারেন, তার ওপরই নির্ভর করছে আগামীর স্থিতিশীলতা। জন স্টুয়ার্ট মিলের লিবার্টি তত্ত্ব অনুযায়ী, যেখানে প্রত্যেকের কথা বলার সমান সুযোগ থাকে, সেখানেই প্রকৃত গণতন্ত্র বিকশিত হয়। নতুন মনোনীত এই অভিভাবকেরা সেই সুযোগটি কতটুকু নিশ্চিত করবেন, তা দেখার অপেক্ষায় পুরো জাতি।

তবে রাজনৈতিক মেরুকরণের এক অনন্য দৃষ্টান্ত তৈরি হয়েছে জামায়াতে ইসলামীর ডেপুটি স্পিকার পদ প্রত্যাখ্যানের মাধ্যমে। এই প্রত্যাখ্যান সংসদীয় রাজনীতিতে একধরনের ভারসাম্য রক্ষা করবে কি না, তা সময়ই বলে দেবে। তবে এটি যে এক ব্যতিক্রমী ঘটনা ছিল, তাতে কোনো সন্দেহ নেই।

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন যখন তাঁর ভাষণে গত সরকারের তীব্র সমালোচনা করলেন, তখন পুরো সংসদ স্তম্ভিত হয়ে শুনছিল। একজন রাষ্ট্রপ্রধানের মুখে এ ধরনের কঠোর সমালোচনা সচরাচর দেখা যায় না। তার এই বক্তব্য যেন আর্নেস্ট হেমিংওয়ের 'দ্য ওল্ড ম্যান অ্যান্ড দ্য সি' উপন্যাসের সেই সংগ্রামের মতো, যেখানে পরাজয়ের পুরোনো ইতিহাস ও গ্লানি মুছে নতুনকে মেনে নেওয়ার সাহস দেখানো হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের ভাষণ ছিল এই অধিবেশনের সবচেয়ে প্রতীক্ষিত মুহূর্ত। দীর্ঘ নির্বাসন আর রাজনৈতিক সংগ্রামের পর তাঁর এই বক্তব্য ছিল এরপর ৩২ পৃষ্ঠায়



> শোকপ্রস্তাব উত্থাপনের সময় পুরো সংসদে এক পিনপতন নীরবতা নেমে এসেছিল। জুলাই বিপ্লবে যারা প্রাণ দিয়েছে, তাদের স্মরণে এই শ্রদ্ধা নিবেদন ছিল অত্যন্ত আবেগঘন। তবে এই শোকপ্রস্তাব অনেক রাজনৈতিক বিশ্লেষকের দৃষ্টিতে বিতর্কিত বিষয় ছিল, যা গণমাধ্যম এবং সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার ঝড় বয়ে বেড়াচ্ছে। এই অধিবেশনের মাধ্যমে বাংলাদেশ সংসদীয় গণতন্ত্রের এক নতুন যাত্রাপথে পা রাখল। দীর্ঘ বিরতি ও ১৮ মাসের বৈরী পরিবেশের পর এই সংসদীয় পরিবেশটি ছিল অনেকটা মরুভূমিতে বৃষ্টির মতো। রাষ্ট্রবিজ্ঞানী অ্যারিস্টটল বলেছিলেন, 'মানুষ জন্মগতভাবেই রাজনৈতিক জীব।' সেদিন সংসদের প্রতিটি কার্যক্রমে সেই রাজনৈতিক চেতনার বহিঃপ্রকাশ ঘটেছে


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
American Airlines
ETIHAD
QATAR AIRWAYS
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
Emirates
KUWAIT AIRWAYS
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



MLS

ISLAND ADVANTAGE REALTY

360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788, 631.351.6000

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েডরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs

## House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 40-26 Benham St, Elmhurst, NY11373 (Occupied) | 3 Family, 5 bedrooms, 3 bathrooms 1 car garage | $1,199,000 |
| 140-04 123rd Ave Jamaica NY 11436 (Occupied) | 1 Family | $409,900 |
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (Bricks) | 2 family 4 beds over 3 beds+ semi-basement,driveway | $995,000 |
| 8902-8904 Glenwood Road Brooklyn | Multi-Family - Mixed Use | $800,000 |
| 21 Spirit Lane Staten Island | 1 Family | $600,000 |
| 20 Whitman Avenue, Islip, Long Island | 1 Family | $599,000 |
| 140-04 123rd Avenue Jamaica | 1 Family | $409,900 |
| 33-47 91st Street Unit 5A Jackson Heights | Occupied (Auction Sale) Co-Op (3 Beds, 1.5 baths) | $125,790 |
| 25-48 96th Street East Elmhurst | Three Family (Occupied) | $899,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | Co-Op, 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | Co-Op, 2 Bedrooms, 1 bathroom | $319,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০

ঈদ মানে হাসি খুশি , ঈদ মানে আনন্দ ।
এই আনন্দের সন্ধিলগ্নে প্রবাসী সবাইকে জানাচ্ছি আমার
আন্তরিক অভিনন্দন ।

# ঈদ মোবারক ! !



মোঃ আবদুস সালাম
সিনিয়র সহ সভাপতি ও প্রধান উপদেষ্টা
রাজবাড়ী ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার এসোসিয়েশন, ইউ এস এ
বিশিষ্ঠ কমিউনিটি এক্টিভিস্ট

'ঈদ মানে খুশি, ঈদ মানে আনন্দ'

দীর্ঘ এক মাসের সিয়াম সাধনার পর ঈদুল ফিতর সকলের জীবনে বয়ে আনুক অনাবিল প্রশান্তি

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশ ও প্রবাসের সবাইকে

জানাই ঈদের **শুভেচ্ছা ও অভিনন্দন**

ঈদ মোবারক

**এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ**

Open 24 Hours

REPAIR

Body Work

Computerized wheel Alignment

Complete Mechanical Work

Rebuild Transmission

Tires & Wheel Balancing

**N.Y.S. Inspection**

Low Price & Fully Guaranteed


# United

## Auto Repair & Body Shop, Inc.

**Contact: Azam** **Tel: 718-786-6677**

Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন




# ইউনাইটেড অটো রিপেয়ার

ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়

38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# School zone speed limits to dip to 15 mph

Ajkal Desk




Speed limits around schools in Queens and across the city will dip to 15 miles per hour in an effort to make traversing streets safer for New York's students, the mayor announced from Flushing on Monday.

Speaking at Flushing International High School, Mayor Zohran Mamdani said that the city will begin lowering speed limits to 15 miles per hour in school zones across the city. Mamdani announced that 800 school locations will see speed limits reduced to 15 miles per hour this year, bringing the total to 1,300 by the end of the year. The plan is to expand the lowered speed to all 2,300 schools across the five boroughs by the end of the mayor's first term. The move is an implementation of Sammy's Law, which was passed in Albany in 2024 following a surge in traffic deaths involving children, a number of which occurred on Queens streets. Promoted by the mother of Sammy Eckstein Cohen, a 12-year-old who was killed by a driver in 2013, the bill allowed the city to set its own speed limits, rather than follow statewide regulations. "I want to ensure that our City Hall is using every tool at our disposal to protect New Yorkers on our streets and our sidewalks," Mamdani said. "We are utilizing every tool we have through this immediate and sweeping executive action." "No longer will the lives of pedestrians and children playing outside be treated as an afterthought," he added. Implementation of the law began under the Eric Adams administration around highly-congested areas with narrow streets like in Western Queens and Jamaica, but this is the first major citywide use of the law.

"It is the kind of city that Sammy deserved, and is the New York City we are building for every child and family that calls it home," said Mamdani, who supported the bill while in the legislature.

Sammy's Law, which allows the city to set its own speed limits, was partially spurred by a slew of traffic related deaths involving children that led up to its passing in 2024. Eagle file photo by Ryan Schwach

The bill had a lot of support in Queens, where narrow, congested streets led to the deaths of several children, partially contributing to the bill's passing in 2024.

The year prior, 8-year-old Bayron Palomino Arroyo, 3-year-old Quintus Chen and 7-year-old Dolma Naadhun were all killed in Queens crashes.

Raul Ampuero's 9-year-old son, Giovanni was killed by a driver in Jackson Heights in 2018. Since then, he has been involved with Families for Safe Streets, a group that championed Sammy's Law up until its passing. He told the Eagle the mayor's announcement on Monday was a long time coming. "This is something that we were waiting for a while, and it finally went through, and we're extremely happy," he said. "I think it's something that needed to be done three years ago, not now, and the battle that we went through to try to get this going, it's something that really bothers me a lot, but it finally went through." "Hopefully things will be better in a few more years, and things will look better for every pedestrian and everybody else who actually needs the roads, even the vehicles," he said. "People get used to it. People get upset because they want to rush…People get used to it, and once you get used to it, you adapt." Queens officials also championed the legislation. In early 2024, several officials Continued on page 28



# DA improperly indicted Jabez Chakraborty, attys allege

Ajkal Desk

The Queens district attorney's office quietly brought charges against Jabez Chakraborty, a 23-year-old Queens man with schizophrenia who was shot by police during a mental health crisis in late January, denying his right to testify on his behalf, his lawyers allege.

Attorneys from the Legal Aid Society representing Chakraborty said in a February motion that Queens District Attorney Melinda Katz's office secretly brought grand-jury charges against the man while he lay shackled to a Queens hospital bed. They called on a judge to dismiss the case.

Chakraborty was shot by police on Jan. 26 after his family called 911 in the hopes police would come to their Briarwood home and involuntarily remove their son – who was in the throes of a mental health crisis – for treatment.

Instead, two police officers showed up and were met by Chakraborty, who was wielding a knife and moving toward them. Police officer Tyree White fired his gun, striking Chakraborty four times.

Chakraborty has since been charged by the DA with attempted assault and criminal possession of a weapon, charges his lawyers say were unfairly moved without their knowledge and without giving Chakraborty a chance to testify before a grand jury.

"The prosecution failed to produce Mr. Chakraborty for a timely arraignment and failed to advise any of the attorneys who reached out on his behalf about the grand jury presentation," Laura Eraso, Chakraborty's attorney, said in the filing. "Instead, the prosecution used the days Continued on page 28



# Mamdani administration moves 250 homeless men to Brooklyn shelter

Ajkal Desk

The massive Midtown shelter set to be shuttered by the Mamdani administration have been relocated to Brooklyn, city officials said.

The Department of Homeless Services said that as of Sunday night, no one was sleeping at the 30th Street site known as Bellevue, though the city is still operating intake services there — the "front door" where single men and families without young children go to ask for a bed. Intake services will be moved to two other Manhattan shelter sites by May 1.

"We believe the sites we have chosen offer comparable and better intake and assessment, accessibility," Department of Social Services Commissioner Erin Dalton said during a City Council budget hearing on Tuesday.

The Mamdani administration announced the closure of the 400,000 square foot facility earlier this month, citing poor infrastructure that needed wholesale fixes to remain safe for residents. The site was built in 1931 and once housed Bellevue Hospital's psychiatric ward. City officials said new shelters would open in the coming months as the administration looks to better conditions for the 85,000 New Yorkers residing in shelters and convince more than 4,500 people sleeping on the street to come inside.

But some members of the Council expressed concern about whether the new intake locations would maintain existing services; one site operates a low-cost health clinic and drug treatment program, the other offers shelter beds for people with mental illness.

"We want to make sure we are doing everything to keep those services whole," Councilmember Crystal Hudson, who chairs the Continued on page 28

# First month in office: BNP begins delivering on key campaign pledges

Ajkal Desk



A month into office, the BNP government has begun implementing its electoral pledges, with efforts underway to energise the administration, reinforce law and order, stabilise the economy, and rebuild public confidence in governance.

After two decades out of power, the party secured an absolute majority in the February 12 polls, winning 209 seats in parliament, and forming the government on February 17.

Though national elections are constitutionally held every five years, the 13th general election was called just 26 months after the January 2024 polls, following the ouster of the Awami League government in August that year.

